

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৬৯২

२०/ शानीश (کتاب الأشرية)

পরিচ্ছেদঃ ৪৫০. পাত্র ঢেকে রাখা সম্পর্কে।

باب فِي إِيكَاءِ الآنِيَةِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، حَدَّثَنَا الأَعْمَشُ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ جَابِرٍ، قَالَ كُنَّا مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم فَاسْتَسْقَى فَقَالَ رَجُلُ مِنَ الْقَوْمِ أَلاَ نَسْقِيكَ نَبِيذًا قَالَ " بَلَى " . قَالَ فَخَرَجَ الرَّجُلُ يَشْتَدُ فَجَاءَ بِقَدَحٍ فِيهِ نَبِيدُ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " أَلاَّ خَمَّرْتَهُ وَلَوْ أَنْ تَعْرِضَ عَلَيْهِ عُودًا " . قَالَ أَبُو دَاؤدَ قَالَ الأَصْمَعِيُّ تَعْرُضَهُ عَلَيْهِ عُودًا " . قَالَ أَبُو دَاؤدَ قَالَ الأَصْمَعِيُّ تَعْرُضَهُ عَلَيْهِ .

বাংলা

৩৬৯২. উসমান ইবন আবী শায়বা (রহঃ) জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমরা নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে ছিলাম। সে সময় তিনি পানি চাইলে কাওমের জনৈক ব্যক্তি বলেনঃ আমরা কি আপনাকে নবীয পান করাবো না? তিনি বলেনঃ হ্যাঁ। তখন এক ব্যক্তি দৌড়ে চলে যায় এবং একটি পেয়ালায় নবীয নিয়ে আসে। এসময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তুমি পাত্রটি ঢেকে আনলে না কেন? তুমি যদি এর উপর এক খণ্ড কাঠও রাখতে, তবে ভাল হতো।

ইমাম আবু দাঊদ (রহঃ) বলেন, আস্মাঈ (রহঃ) বলেছেনঃ সে কাঠখানা এর উপর যদি চওড়াভাবে রাখতো।

English

Jabir said:

We were with Prophet (ﷺ) and he asked for something to drink. A man from the company asked: Should we not give you nabidh (drink made from dates) to drink? He replied: Yes. The man went quickly and bought a cup of nabidh. The Messenger of Allah (ﷺ) said: Why did you not cover it up even by putting a piece of wood on it?



Abu Dawud said: Al-Asma'i's version has: "You put it on it..."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন